



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
জেলা পরিষদ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

নম্বর : ৪৬.০০.৪৭০০.০৮২.১৪.০৮৬.১৭.২১৫৭

তারিখ: ২৮ আশ্বিন ১৪২৮  
১৩ অক্টোবর ২০২১

বিষয় : ২০২১-২২ অর্থবছরে খুলনা জেলা পরিষদের এডিপি সাধারণ বরাদ্দের আওতায় ক্ষিম অনুমোদন।

সূত্র : জেলা পরিষদ, খুলনা এর স্মারক জেপথ/এক/জি/৩০/২০২১-২২/১৯১(যুক্ত), তারিখ: ০৩ অক্টোবর ২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকে পরিপ্রেক্ষিতে ২০২১-২২ অর্থবছরে খুলনা জেলা পরিষদের অনুকূলে এডিপি বরাদ্দকৃত ৪৬৫.০০ লক্ষ (চার কোটি পঞ্চাশটি লক্ষ) টাকা প্রাকলিত ১৬৭টি ক্ষিম অনুমোদনের জন্য অনুরোধ করা হয়েছে। প্রস্তাবিত ক্ষিমসমূহের মধ্যে ক্রমিক- ১৭, ২৬, ৩০, ৩২(খ), ৩৬(ক), ৬০, ৭৭, ৯৯(ক), ১০৩(ক), ১২৩(ক), ১৪৭(ক) ও ১৬২(খ)-এ বর্ণিত ২০.৫০ লক্ষ (বিশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকার প্রকল্পসমূহ সমিতি/ ক্লাব/ স্মৃতি পরিষদ/ যুব সংঘ/ নারী ফোরম/ পাঠাগারের যথাযথ রেজিস্ট্রেশনের স্বপক্ষে দালিলিক তথ্য প্রদান করা হয়নি। এছাড়া, ক্রমিক-২৮(ক), (খ), ১০০, ১০২, ১২৬, ১৫৩(গ) ও ১৬৫ এ বর্ণিত ১১.৫০ লক্ষ (এগার লক্ষ পঞ্চাশ হাজার) টাকার ক্ষিমসমূহ নলকূপ স্থাপন ও ব্যক্তিকেন্দ্রিক সড়ক উন্নয়ন সংক্রান্ত হওয়ায় ক্ষিমসমূহ পরিবর্তন করা প্রয়োজন।

২। এমতাবস্থায়, ২০.৫০ লক্ষ টাকা প্রাকলিত ব্যয়ে উক্ত ১২টি ক্ষিম বিবেচনার সুবিধার্থে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের রেজিস্ট্রেশনের তথ্য প্রদান এবং ১১.৫০ লক্ষ টাকা প্রাকলিত ব্যয়ে ৭টি ক্ষিম নলকূপ স্থাপন ও ব্যক্তিকেন্দ্রিক সড়ক উন্নয়ন সংক্রান্ত বিধায় ক্ষিমসমূহ পরিবর্তনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩। পাশাপাশি, ৪৩৩.০০ লক্ষ (চার কোটি তেব্রিশ লক্ষ) টাকা প্রাকলিত ব্যয়ে অবশিষ্ট ক্ষিমসমূহ বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো:

#### শর্তাবলী:

পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬, পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮, স্থানীয় সরকার বিভাগের ০৭ জানুয়ারি ২০২০ তারিখের ৪৬.০০.০০০০.০৮২.২০.০০৫.১৯-২০ নং পরিপত্রের নির্দেশনাসমূহ যথাযথ প্রতিপালন করতে হবে।

১০-১০-১০-১০  
মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী  
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮  
ই-মেইলঃ [lgzp@lgd.gov.bd](mailto:lgzp@lgd.gov.bd)

প্রধান নির্বাহী কর্মকর্তা  
জেলা পরিষদ, খুলনা।

#### অনুলিপি:

- মাননীয় মন্ত্রী'র একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

[এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো]